

শ্রীশ্রীহরি সঙ্গীত

৫। হরিপদ পল্লব, দেবের দুর্লভ, কায়মনে স্মরণ লওহে।

শয়নে স্বপনে, জাগরণে বদনে, নাম মধুপানে মত্ত হওহে।।

৬। তারক মহানন্দ, গৌঁসাই গোলোকচন্দ্র, প্রেমধন যাচে জীবে লওহে।

হেন দয়াল ভবে, আর কি খুঁজিয়া পাবে, চরণে স্মরণ লওহে।।

৭। শ্রীগুরুচাঁদে বলে, নিশি প্রভাত কালে, অলশে অবশ কেন হওহে-

(অলস) আশ্বিনী অধম, ত্যাজিয়া মায়াঘুম

বসিয়া হরিগুণ গাওহে।।

৪ নং তাল-মনোহর্ষাই

গাওহে প্রভাতি গীতি, শ্রীহরি মঙ্গলরে।

শ্রীহরি বামেতে শোভে, শান্তি ঠাকুরাণীরে।।

১। হৃদি বৃন্দাবন মাঝে, হরি রসরাজে জাগাওরে।

আলস্য এ নিদ্রা ত্যজে হরিপদে মন লাগাওরে।।

২। রেশম বরণ তনু, কোটি ভানু জিনিরে।

পৃষ্ঠে দোলে দীর্ঘ বেণী, জিনি কাদম্বিনীরে।।

৩। আকর্ণ লোচন বাঁকা, অধরে সুধা মাখারে।

মনোহর জোড়াভুরু, রামধনু আকারে।।

৪। খগচঞ্চু জিনি নাসা, প্রেমামৃত ভাষারে।

আজানুলম্বিত বাহু, কামুকের কাম নাসারে।।

৫। প্রেম-কান্তি *শান্তিদেবীর, ভাব কান্তি মাখারে।

ভারবুক-হৃদি-রঞ্জন, কিবা ভঙ্গির বাঁকারে।।

৬। কৃপাক্ষুরু কল্পতরু প্রেম ফল দাতারে।

অকামনা প্রেম-ভক্তি, অকাতরে বিতরে।।

* পূর্ণব্রহ্ম শ্রীশ্রীহরিচাঁদের সহধর্মিণী